



(https://www.banglanews24.com)

🏠 (https://www.banglanews24.com) / জাতীয় (./category/জাতীয়/1)

আনিসুল হকের জন্য শোকগাথা ফেসবুক জুড়েও

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ২২২৬ ঘণ্টা, নভেম্বর ৩০, ২০১৭



📷 আনিসুল হকের জন্য শোকগাথা ফেসবুক জুড়েও

ঢাকা: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকেও নেমে এসেছে শোকের ছায়া। সর্বস্বরের মানুষ গভীর শোক প্রকাশ করছেন তাদের নিজ নিজ ফেসবুক ওয়ালে স্ট্যাটাস দিয়ে।

বৃহস্পতিবার (৩০ নভেম্বর) বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে যুক্তরাজ্যের লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে ইন্তেকাল করেছেন ৬৫ বছর বয়সী মেয়র আনিসুল হক। তিনি মস্তিস্কের প্রদাহজনিত রোগ ‘সেরিব্রাল ভাস্কুলাইটিস’ এ আক্রান্ত হয়ে গত দু’মাস ধরে চিকিৎসাধীন ছিলেন হাসপাতালটিতে।

‘প্রিন ঢাকা, ক্লিন ঢাকা’ তৈরিতে কাজ করতে নেমেছিলেন ২০১৫ সালের নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হয়ে বিপুল ভোটে নির্বাচিত মেয়র আনিসুল হক। নগরীকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে নিরলসভাবে কাজ করেছেন তিনি। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আদিত্য শাহীন লিখেছেন- ‘ঢাকার মানুষ একজন মেয়র পেয়েছিলেন, যিনি স্বপ্ন দেখতে ও দেখাতে জানতেন। পারতেন অসম্ভবকে সম্ভব করতে...’।

তানিম ইসলাম তার স্ট্যাটাসে লিখেছেন- ‘সন্তাবনাময় মানুষগুলো খুব দ্রুত চলে যান, ওপারে ভালো থাকবেন প্রিয় আনিসুল হক’।

📷 সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আদিত্য শাহীন লিখেছেন এ স্ট্যাটাসটি সাংবাদিক রাকিবুল ইসলাম রাহাত লিখেছেন- ‘মেয়র আনিসুল হকের নিউজ কাভারেজের এই ছবিটিই সর্বশেষ স্মৃতি হয়ে রইল। আর কখনও আপনার সামনে মাইক্রোফোন ধরা হবে না। ভরাট কণ্ঠের কথাগুলো আর লেখা হবে না নোটপ্যাডে। আপনি চলে গেলেন ‘সবুজ নগরী’র ঢাকা না গড়েই। ইচ্ছে ছিল, আপনার একান্ত সাক্ষাৎকার নেওয়ার, যা অপূর্ণই রয়ে গেল। ওপারে ভালো থাকবেন, প্রিয় আনিসুল হক’।

মেয়র আনিসুল হকের একটি ছবিসহ বাবলী ইয়াসমিন তার ফেসবুকের স্ট্যাটাসে লিখেছেন- ‘Newsfeed জুড়ে (http://a-prime-used-car-prices.fyi/?ref=eastwestmedia-banglanews24.1159847& Used Car Prices | Search Ads | Sponsored (https://popup.taboola.com/en/?t=) আপনাদের প্রতি শ্রদ্ধা ভালোবাসা!!! অথচ কিছু মানুষের দেওয়া কষ্ট নিয়েই চলে যেতে হল আপনাকে’ | banglanews24.1159847&tid=1297808&tband=view&tbserp=search&comkey=

ইমতিয়াজ শুভ লিখেছেন- ‘মানুষ কোনো কোনো সময় তার স্বপ্নের চাইতেও বড়..... এই উক্তিটির এর মধ্যে অনেক অনেক অনুপ্রেরণা রয়ে গেছে, #আনিসুল #হকের মতো মানুষ গুলো যুগে যুগে কালে কালে উদাহরণ হয়ে থাকবেন.....খুব অল্প সময়ে চলে গেলেন!!!’